

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৮১.১৯.৮৬

২৯ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১০৫৮/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

- সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১১.০২.২০১৯ খ্রি:।
- উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আবদুল মালেক, পিতা: মো: একরামুল হক, মাতা: মোহাম্মৎ মোসলেমা খাতুন, গ্রাম: উত্তরাশশী (হাতিপাড়া), পোস্ট: পঞ্চপুকুর, থানা: নীলফামারী সদর, জেলা: নীলফামারী, ইনডেক্স নং-২০২৯৬৮/২০০৯; বর্তমানে প্রভাষক (আরবী), কাক্সনপুর এলাহীয়া বি.এ. ফাযিল মাদরাসা, উপজেলা: বাসাইল, জেলা: টাঙ্গাইল এবং নির্বাচিত প্রার্থী, প্রভাষক (আরবী), নীলফামারী আলিয়া ফাযিল মাদরাসা, নীলফামারী এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৫৮/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।
০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী জনাব মো: আবদুল মালেক এবং মো: হাবিবুল্লাহ বিগত ১৭.১২.২০১৬ খ্রি: তারিখে নিয়োগ বোর্ডের সুপারিশের ভিত্তিতে পূর্বোক্ত নীলফামারী আলিয়া ফাযিল মাদরাসার প্রভাষক (আরবী) পদে নির্বাচিত হন। কিন্তু গভর্নিং বডি কর্তৃক তাদের নিয়োগ চূড়ান্ত করা হয়নি। তাদেরকে চূড়ান্তভাবে নিয়োগ দেয়ার জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/৫১১৯, তারিখ: ২১.০৩.২০১৮ খ্রি: সুলে সভাপতি (গভর্নিং বডি), নীলফামারী আলিয়া ফাযিল মাদরাসা, নীলফামারী-কে নির্দেশ দেয়া হয়। ইতোমধ্যে এনটিআরসিএ কর্তৃক বিগত ১৯.১২.২০১৮ খ্রি: তারিখে প্রকাশিত ফলাফলমূলে জনাব নুরুজ্জামান, ব্যাচ নং-৮, রোল নং-৪২৯২৩৫২১ এবং জনাব মো: নূর ইসলাম, ব্যাচ নং-১৪, রোল নং-৪২৯০৯০২২-কে উপরিউক্ত নীলফামারী আলিয়া ফাযিল মাদরাসার প্রভাষক (আরবী) পদে পদায়নের জন্য সুপারিশ করা হয়। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে এনটিআরসিএ কর্তৃক প্রকাশিত ১৯.১২.২০১৮ খ্রি: তারিখের প্রজ্ঞাপন -কে তর্কিত আখ্যায়িত করে নিয়োগের দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১০৫৮/২০১৯ মামলাটি দায়ের করা হয়।
০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ১৩ (তের) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।
০৪. মামলাটির বিষয়বস্তুর সাথে মূলত: এনটিআরসিএ জড়িত বিধায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিলসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১০৫৮/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত কার্যক্রমের তথ্য আগামী ৩০.০৬.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

উপাচার্য
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-৪৪ (৫ম তলা), ১২/এ,

ধানমন্ডি, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৮১.১৯.৮৬/১(৭)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬

২৯ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



২৯-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)